

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮০৩

আগরতলা, ১৮ জুলাই, ২০২৪

খাৰ্চি উৎসব ২০২৪

**পঞ্চম দিনে সাংস্কৃতিক অনুষ্ঠান**

ঐতিহ্যবাহী খাৰ্চি উৎসবের আজ ছিল পঞ্চম দিন। খাৰ্চি উৎসব উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক উৎসবে কৃষ্ণমালা মঞ্চের প্রথম পর্বের অনুষ্ঠানে আজ ছন্নছাড়া ও শিব শম্ভু ডান্স একাডেমির শিল্পীগণ সমবেত ভক্তি সংগীত ও সমবেত নৃত্য পরিবেশন করেন। স্থানীয় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা পরিবেশন করে বিচিত্রানুষ্ঠান। এরপর উনকোটি জেলা থেকে আগত শিল্পীগণ কৃষ্ণমালা মঞ্চ বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। নিমাই সন্ন্যাস পালাকীর্তন পরিবেশন করে অঞ্জু মোদক ও তার দল। জনজাতিদের অনুষ্ঠান পরিবেশন করেন কল্যাণী মগ ও তার দল। সাক্ষ্যকালীন অনুষ্ঠানে এই মঞ্চ খোয়াই জেলা থেকে আগত শিল্পীগণ সমবেত নৃত্য ও সংগীত পরিবেশন করেন। এছাড়া ১৫টি স্থানীয় সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সমবেত বাদ্যযন্ত্র, সমবেত নৃত্য ও সংগীত পরিবেশন করেন। খোকন দেববর্মা ও তার দল জনজাতির অনুষ্ঠান পরিবেশন করেন। রাতের অনুষ্ঠানে মঞ্চ ১৮ জন বিশিষ্ট শিল্পী একক সংগীত, পূর্বাঞ্চল সাংস্কৃতিক কেন্দ্র থেকে আগত বাউল শিল্পীগণ বাউল সংগীত এবং প্রণয় চক্রবর্তী ও তার দল গাজন নৃত্য পরিবেশন করেন। অন্যদিকে, হাবেলি মুক্তমঞ্চও বিকালে শিশু উৎসবেও ১১টি সাংস্কৃতিক সংস্থার শিশু শিল্পীরা সমবেত নৃত্য ও সংগীত পরিবেশন করে। একক সংগীত পরিবেশন করে ৯ জন শিশু শিল্পী। আবৃত্তি পরিবেশন করে দক্ষিণী আবৃত্তি শিখন সংস্থার শিশুশিল্পীরা। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং খাৰ্চি মেলা কমিটির উদ্যোগে আয়োজিত এই মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান খাৰ্চিতে আগত পুণ্যাথীরা উপভোগ করেন।

\*\*\*\*\*